

সেই তৰীর সম্মানে ডাকসুর গুরুত্বপূর্ণ পদ ছেড়ে দিল ছাত্রদল

অনলাইন ডেক্স



জুলাই আন্দোলনে আহত সানজিদা আহমেদ তৰী।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে প্যানেল

ঘোষণা করেছে বাংলাদেশ জাতীয়তাবাদী ছাত্রদল। তবে প্রকাশনা
ও গবেষণা সম্পাদক পদে কোনো প্রার্থী ঘোষণা করেনি ছাত্রদল।

আজ দুপুর ১২টায় বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে
সংবাদ সম্মেলন করে সংগঠনের পক্ষ থেকে প্যানেল ঘোষণা
করেন ছাত্রদলের কেন্দ্রীয় সভাপতি রাকিবুল ইসলাম রাকিব।

এসময় ছাত্রদল সভাপতি ভিপি-জিএসসহ ২৮টি পদের মধ্যে
২৭টি পদে প্রার্থীর নাম ঘোষণা করেন।

তিনি বলেন, ‘ডাকসুর প্রকাশনা ও গবেষণা সম্পাদক পদের স্বতন্ত্র
প্রার্থী জুলাই আন্দোলনে আহত সানজিদা আহমেদ তৰীর সম্মানে

ছাত্রদল এই পদে কোনো প্রার্থী দেবে না। এই পদে ছাত্রদল

ঘোষিত প্যানেল তত্ত্বকে সমর্থন দেবে।’

ছাত্রদলের প্যানেলে ভিপি হিসেবে ঢাকা বিশ্ববিদ্যালয় ছাত্রদলের

যুগ্ম সাধারণ সম্পাদক ও ইসলামিক স্টাডিজ বিভাগের ২০১৫-১৬

সেশনের শিক্ষার্থী আবিদুল ইসলাম খান এবং জিএস পদে কবি

জসীম উদ্দীন হল ছাত্রদলের আহ্বায়ক ও উইমেন অ্যান্ড জেন্ডার

স্টাডিজ বিভাগের ২০১৮-১৯ সেশনের তানভীর বারী হামিমকে

মনোনয়ন দেওয়া হয়েছে। এ ছাড়া এজিএস পদে বিজয় একান্তর

হল ছাত্রদলের আহ্বায়ক এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা

বিভাগের ২০১৮-১৯ সেশনের শিক্ষার্থী তানভীর আল হাদী

মায়েদকে মনোনয়ন দিয়েছে।

এর আগে গত সোমবার ডাকসু নির্বাচনে গবেষণা ও প্রকাশনা

সম্পাদক পদে মনোনয়ন জমা দেন জুলাই অভ্যুত্থানে আহত হওয়া

সেই সানজিদা আহমেদ তত্ত্বী। তিনি ঢাবির ক্লিনিক্যাল সাইকোলজি

বিভাগের ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী।

তবে তিনি গণমাধ্যমে আনুষ্ঠানিক কোনো মন্তব্য জানাতে রাজি

হননি। ইশতেহার ঘোষণার পর গণমাধ্যমে কথা বলবেন বলে

জানান তত্ত্বী।